



দুপুর ১২ টায় খালেদা জিয়া'র চিকিৎসা সংক্রান্ত বিষয়ে কথা বলবেন: ডা. জাহিদ



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সর্বশেষ শারীরিক অবস্থা ও চলমান চিকিৎসা নিয়ে আজ মঙ্গলবার (২ ডিসেম্বর) বিশেষ ব্রিফিংয়ে আসছেন তার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন। দুপুর ১২টায় রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার এভারকেয়ার হাসপাতালের প্রধান ফটকের সামনে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলবেন।

দলটির স্থায়ী কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করা ডা. জাহিদ হোসেন ব্রিফিংয়ে খালেদা জিয়ার চিকিৎসায় সাম্প্রতিক অগ্রগতি, শারীরিক জটিলতা এবং প্রয়োজনীয় চিকিৎসা ব্যবস্থা—এসব বিষয়ে বিস্তারিত জানাবেন।

বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, বিজয়ের মাসে 'গণতন্ত্রের মাতা' হিসেবে পরিচিত সাবেক প্রধানমন্ত্রীর সার্বিক শারীরিক অবস্থার হালনাগাদ তথ্য গণমাধ্যমের সামনে উপস্থাপন করতেই এই ব্রিফিংয়ের আয়োজন করা হয়েছে।